উপজেলা পরিষদ কার্যালয়

লাকসাম, কুমিল্লা

ফেব্রুয়ারি ২০২১ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২১তম সভার) সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ২৮/০২/২০২১ খ্রি. |
| সময় | : বেলা ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম, কুমিল্লা। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২১তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন । উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২০-২০২১ অর্থ বছরের জানুয়ারী-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**জানুয়ারী ২০২১ আয় অংশ :**<br>(ক) অবশিষ্ট স্থিতি = ২৮,৬০,৫৮১/-<br>মোট আয় = ২৮,৬০,৫৮১/-<br>**জানুয়ারী ২০২১ ব্যয় অংশ :**<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন =৩২,৫৫০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫,০০০/-<br>(ঙ) বিজয় দিবসের ব্যয় বাবদ =৪০,০০০/-<br>(চ) উপজেলা পরিষদ জীপগাড়ি মেরামত ব্যয় বাবদ=৪,৩২,৯৫০/-<br>(ছ) মোটরসাইকেল ক্রয় বাবদ =২,৫৫,০০০/-<br>মোটব্যয়=৮,৮৯,৫০০/-<br>অবশিষ্ট স্থিতি =১৯,৭১০৮১/-<br>(উনিশ লক্ষ একাত্তর হাজার একাশি টাকা) | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় জানুয়ারী ২০২১ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | কৃষি অফিস ঃ- উপজেলা কৃষি অফিসার, লাকসাম বলেন যে, ২০২০-২১ অর্থবছরে বোরো মৌসুমে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদানের জন্য কম্বাইন্ড হারভেস্টার, রিপার ও রাইস ট্রান্স প্ল্যান্টার যন্ত্রসহ অন্যান্য কৃষি যন্ত্রপাতি ক্রয়ে সরকার ৫০% ভর্তুকি প্রদান করছে। সে প্রেক্ষিতে আগামী ০৩/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি ক্রয়ে আগ্রহী কৃষক/সুফলভোগীদের তালিকা প্রস্তুতপূর্বক প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষি উন্নয়নে সরকারি ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি কৃষকদের হাতে পৌঁছে দিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) ও উপজেলা কৃষি অফিসার লাকসামকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, লাকসাম<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, লাকসাম |
| ৭.২ | **উপজেলা মৎস্য অফিস** : উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, লাকসাম বলেন মৎস্য অফিস থেকে সরবরাহকৃত যে মৎস্য চাষীর তালিকা ইউপি চেয়ারম্যানদেরকে পূর্বে সরবরাহ করা হয়েছিল সেটি অনেকাংশ ভুল থাকায় নতুন করে তালিকা করে চেয়ারম্যানদেরকে সরবরাহ করবেন বলে সভাকে জানান। | বিস্তারিত আলোচনান্তে রাস্তার পাশে পুকুর চাষীর তালিকা সঠিক ভাবে প্রণয়ন করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে সরবরাহ করার জন্য উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৩ | **উপজেলা প্রকৌশলী অফিসঃ**<br>ক) উপজেলা পরিষদের রাজস্ব ও উন্নয়ন তহবিলের অর্থায়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে দর যাচাই কমিটি, প্রাক্কলন প্রস্তুত কমিটি এবং দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি গঠনের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা এবং পিপিআর-০৮ এর বিধি মোতাবেক ৪৬.০২.১৯৭২.০০০.৯৯.০১২.১৫-২৩৪, তাং-০১.০৩.২১ ইং সংখ্যক স্মারকের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে কমিটি গঠন করা হয়েছে। অদ্যকার সভায় এ কমিটির গঠন ভূতাপেক্ষিক অনুমোদন প্রদান করা যেতে পারে। | ক) গঠিত কমিটির অনুমোদন প্রদান করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকৌশলী লাকসাম |
| | খ) স্থানীয় সরকার বিভাগ হতে উপজেলা পরিষদের ভবনসমূহ মেরামতের জন্য বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী দরপত্র প্রক্রিয়া সম্পাদন ও কাজ বাস্তবায়নের অনুমোদন দেওয়া যেতে পারে। | খ) ই-জিপি এর মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে একক প্যাকেজে কাজ বাস্তবায়ন করতে হবে। স্কিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>৩। উপজেলা প্রকৌশলী লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| | গ) মুদাফ্ফরগঞ্জ দক্ষিণ ইউনিয়নের লক্ষীপুর উত্তরপাড়া সওজ এর রাস্তা হতে চেয়ারম্যান বাড়ী পর্যন্ত গ্রামীণ সড়ক উন্নয়নের আবেদন পাওয়া গেছে। তৎপ্রেক্ষিতে প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (পরিশিষ্ট-খ দ্রষ্টব্য)। প্রণীত প্রাক্কলন মোতাবেক কাজ বাস্তবায়নে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | গ) প্রণীত প্রাক্কলন অনুমোদন করা হলো। প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকৌশলী লাকসাম |
| | ঘ) গাজীমুড়া হতে নাথেরপেটুয়া পর্যন্ত সড়ক উন্নয়ন কাজ চলমান রয়েছে। উক্ত সড়কের এজিং বরাবর পিডিবি কর্তৃক বৈদ্যুতিক খুটি স্থাপন করা হচ্ছে। ইতোমধ্যে কিছু খুটি স্থাপন করা হয়েছে। খুটিসমূহ নির্ধারিত দুরুত্বে স্থাপন না করা হলে সড়কের ধারণক্ষমতা হ্রাস পাওয়াসহ দূর্ঘটনা বৃদ্ধি পাবে। ইতোমধ্যে স্থাপিত খুটি অপসারণসহ স্থাপিতব্য খুটি নির্ধারিত দুরুত্বে স্থাপনের জন্য পিডিবি, লাকসাম, কুমিল্লা বরাবর অনুরোধ করা যেতে পারে। | ঘ) সড়ক দূর্ঘটনা রোধে নির্ধারিত দুরুত্বে খুটি স্থাপন ও ইতোমধ্যে স্থাপিত খুটি অপসারণের জন্য নির্বাহী প্রকৌশলী, পিডিবি, লাকসাম, কুমিল্লা কে অনুরোধ করা হলো। | ১।নির্বাহী প্রকৌশলী, পিডিবি, লাকসাম, কুমিল্লা<br>২।উপজেলা প্রকৌশলী লাকসাম |
| | ঙ) সারাদেশে পুকুর, খাল উন্নয়ন প্রকল্পের আওতায় এলজিইডি কর্তৃক অত্র উপজেলার জগন্নাথ দীঘি, গাজীমুড়া মাদ্রাসা দীঘি, চার ঘাটলা দীঘি, নবাব ফয়জুন্নেছা কলেজ দীঘি ও কৃষ্ণপুর আশ্রয়ণ প্রকল্পের পুকুর খনন/উন্নয়ন কাজ চলমান রয়েছে। উন্নয়ন কাজ বাস্তবায়নে খননকৃত মাটি দ্বারা পুকুর/দীঘির পাঁড় বাধাইয়ের পর মাটি অবশিষ্ট থাকবে। অবশিষ্ট মাটি ব্যবস্থাপনার বিষয়ে অদ্যকার সভায় সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। | ঙ) উন্নয়ন কাজ বাস্তবায়নে খননকৃত মাটি দ্বারা পুকুর/দীঘির পাঁড় বাধাইয়ের পর অবশিষ্ট মাটি সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাঠ ভরাটের জন্য তাঁদের নিজ পরিবহণ খরচে নিয়ে যেতে পারবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হলো। এক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, খেলারমাঠ ও সরকারী প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>৩। উপজেলা প্রকৌশলী লাকসাম<br>৪। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, লাকসাম |
| | চ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (ক) মজলিসপুর ও এলাইচ কমিউনিটি ক্লিনিক এবং উত্তরদা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেরামত ও পেইন্টিং কাজ (খ) এ মালেক ইনস্টিটিউশন রেলওয়ে উচ্চ বিদ্যালয়ে টিনসেড ভবন নির্মাণ (উর্ধ্বমূখী সম্প্রসারণ) কাজ দুটি ঠিকাদার মেসার্স পারভেজ হানিফ এন্টারপ্রাইজ কর্তৃক সাইটের বাস্তব অবস্থা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। সম্পাদিত কাজের বিস্তারিত পরিমাপ উপস্থাপন করা হলো। ঠিকাদার বিলের আবেদন করেছেন। ঠিকাদার কে বিল প্রদানের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। | চ) বর্ণিত দুটি কাজ চাহিদা ও বাস্তবতার নিরীখে যেভাবে সম্পন্ন হয়েছে তার পরিমাপ/বিবরণ বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট-গ তে সংযুক্ত করা হলো। কাজদ্বয়ের বিল পরিশোধের বিষয়ে সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকৌশলী লাকসাম |
| ৭.৪ | **উপজেলা বিআরডিবি অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম বলেন চলতি মাসে ঋণ বিতরণ করা হয়েছে ২,৬০,০০/-টাকা। ২০২০-২১ অর্থবছরে ঋণ বিতরণ করা হয়েছে ৫১,০৬,০০০/-টাকা। জেলা কার্যালয়ের নির্দেশনা মোতাবেক মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে এবং সঠিক উপকারভোগী নির্বাচন করতঃ ঋণ বিতরণ করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার লাকসামকে বলা হয়। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| | আদায়ে ক্র্যাশ প্রোগ্রাম চলমান রয়েছে। উক্ত খেলাপী ঋণ আদায়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অত্রাফিসের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৭.৫ | **উপজেলা শিক্ষা অফিস ঃ** উপজেলা শিক্ষা অফিসার, লাকসাম বলেন উপজেলা শিক্ষা অফিসের সকল কার্যক্রম নিয়ম অনুসারে স্বাভাবিকভাবে চলমান রয়েছে। শিক্ষার্থীদের জন্য নিবন্ধন করানোর ব্যাপারে তিনি ইউপি চেয়ারম্যানদের আবারও সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন, আগামী ৩০ মার্চ প্রতিষ্ঠান খোলার ঘোষণা এসেছে। এই ব্যাপারে নির্দেশনা দেওয়া হলে সকলকে অবহিত করা হবে। ক্ষুদ্র মেরামতের জন্য ৩৯টি বিদ্যালয়ে ২,০০,০০০/-টাকা এবং খেলাধুলার সরঞ্জাম ক্রয়ের জন্য ১,৫০,০০০/- করে ০৮টি বিদ্যালয়ে বরাদ্দ এসেছে। উপজেলা ইঞ্জিনিয়ার কর্তৃক প্রাক্কলণ কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে বলা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, লাকসাম। |
| ৭.৬ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম বলেন মাননীয় শিক্ষা মন্ত্রীর ২৭/০২/২০২১ তারিখের বক্তব্য সূত্রে জানান আগামী ৩০/০৩/২০২১ খ্রি. তারিখ শিক্ষা প্রতিষ্ঠান খোলার প্রস্তুতি নেয়া হচ্ছে। লাকসাম উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান ইতোমধ্যে খোলার প্রাক প্রস্তুতি গ্রহণ করেছে। সকল শিক্ষককে কোভিড-১৯ টিকা নেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে। শিক্ষকদের এনআইডি নম্বর সংগ্রহপূর্বক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলার জন্য প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণ এবং শিক্ষকদের কোভিড ১৯ টিকা নেওয়ার বিষয়ে মনিটরিং এর জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসামকে বলা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম |
| ৭.৭ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম বলেন লাকসাম উপজেলায় ১৪১২৯টি বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীর মধ্যে অদ্যাবধি ১৩,৯৩৫টি ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। বাকী রয়েছে ১৯৪টি। ইতোমধ্যে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস নগদ একাউন্ট ওপেনিং কার্যক্রম শুরু হয়েছে। ৫টি ইউনিয়নে কাজ শেষ হয়েছে।<br>বর্তমান পদ্ধতিতে ভাতা প্রদানের ক্ষেত্রে ব্যাংক কর্তৃপক্ষ ইউনিয়ন পরিষদে গিয়ে ভাতাভোগীদের মধ্যে ভাতা প্রদান করতে অনীহা প্রকাশ করেছে। এক্ষেত্রে তারা ব্যাংক অফিসার ও টাকার নিরাপত্তা পাননা বলে জানিয়েছেন।<br><br>তিনি আরো বলেন এ বিষয়টি মাসিক সমন্বয় সভার রেজুলেশনে নিয়ে আসার অনুরোধ জানান এবং ব্যাংক কর্তৃপক্ষকে মাসিক রেজুলেশনের বিষয়টি চিঠির মাধ্যমে জানাতে অনুরোধ করেন যাতে ব্যাংক কর্তৃপক্ষ ইউনিয়নে গিয়ে ভাতা প্রদান করে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ব্যাংক কর্তৃপক্ষ ইউনিয়নে গিয়ে ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় এবং ব্যাংক কর্তৃপক্ষকে চিঠির মাধ্যমে তা জানাতে এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা সমাজসেবা অফিসার লাকসামকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার<br>২। ম্যানেজার সংশ্লিষ্ট ব্যাংক, লাকসাম<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৭.৮ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম বলেন ২০২১-২২ চক্রের ভিজিডি বাছাই করে ১৫৮৩টি কার্ডের কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরের দরিদ্র মায়েদের জন্য মাতৃত্বভাতা কর্মসূচির উপজেলার জন্য বরাদ্দকৃত মোট ৩২০জন ভাতাভোগীর চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। ল্যাকটেটিং মাদার সহায়তার তহবিল পৌরসভার জন্য ৪০ জন ভাতাভোগী চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। জানুয়ারি ২০২১ থেকে মার্চ ২০২১ আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাব নতুন করে ফেব্রুয়ারি ২০২১ মাস হতে ক্লাস চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিজিডি ও অন্যান্য কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৯ | **উপজেলা খাদ্য অফিস ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম বলেন বর্তমানে উপজেলা খাদ্য অফিসে ৮৯৫ মে.টন চাল এবং ২৭ মে.টন গম মজুদ আছে। আগামী মার্চ ২০২১ মাস হতে উপজেলার সকল ইউনিয়নে খাদ্য বান্ধব কর্মসূচির ১০টাকা কেজি দরের চাল বিক্রি শুরু হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে খাদ্য বান্ধব কর্মসূচি মনিটরিং এর জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসামকে বলা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম, কুমিল্লা। |
| ৭.১০ | **উপজেলা ক্ষুদ্র সেচ অফিস (বিএডিসি)ঃ** উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) লাকসাম, বলেন ২০২১-২২ অর্থবছরে কাজ করার জন্য খাল পুনখনন, ভারী পাইপের মাধ্যমে জলাবদ্ধতা নিরসন প্রকল্প, কৃষকদের জন্য ওয়াটার পাস এবং কালভার্ট, ব্রীজ নির্মাণের লক্ষ্যে তালিকা প্রদান করার জন্য ইউনিয়ন চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে খাল পুন:খনন, জলাবদ্ধতা নিরসনে প্রকল্প ও বিভিন্ন কালভার্ট ও ব্রীজ নির্মাণের লক্ষ্যে প্রকল্পের তালিকা দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপসহকারী প্রকৌশলী, (বিএডিসি) লাকসাম<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, লাকসাম |
| ৭.১১ | **জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরঃ** উপসহকারী প্রকৌশলী, লাকসাম জানান লাকসাম উপজেলায় ২০২০-২১ অর্থবছরে পানিতে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় ৩২০টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। পানিতে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় অতিরিক্ত ৫০০টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০৮টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সঠিকভাবে উপকারভোগী নির্বাচন করে বরাদ্দ প্রাপ্ত গভীর নলকূপ বিধিমোতাবেক বিতরণের জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লাকসামকে বলা হয়। | ১। উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসাম<br>২। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, লাকসাম |
| ৭.১২ | **আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংকঃ** আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক শাখা কর্মকর্তা জানান, নতুন উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণের কাজ শুরু হলে তার ভবন ভাঙ্গা পড়বে। এতে তার অফিসের কার্যক্রম চালানোর জন্য সাময়িক কোন ভবন বরাদ্দ দেওয়া যাবে কিনা বা কি ব্যবস্থা নেওয়া হবে তা জানতে চান। | বিস্তারিত আলোচনান্তে পরববর্তীতে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানানো হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা প্রকৌশলী, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৭.১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :<br>ক) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ২৫,৫১,৪৪৬/৬৯ টাকার বিপরীতে গৃহীত ৯টি প্রকল্পের এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিটা)কর্মসূচির নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় বরাদ্দ প্রাপ্ত ৩৫,৯৩,৭৬১/- টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৮টি ইউনিয়নে গৃহীত ১৩টি প্রকল্পের ১০০% কাজ ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে । | ক ১০০% কাজ সম্পন্ন প্রকল্প সমূহের চূড়ান্ত মাপ গ্রহন করে শেষ কিস্তিতে টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | খ) ২০২০-২০২১অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ)-১ম পর্যায় নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে ০৮টি ইউনিয়নে গৃহীত ২৬টি প্রকল্পের এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর)কর্মসূচির নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় বরাদ্দ প্রাপ্ত ২৪,৭৮,৮৩৩/-টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৮টি ইউনিয়নে গৃহীত ৩৬টি প্রকল্পের ১০০% কাজ ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে । | খ) ১০০% কাজ সম্পন্ন প্রকল্প সমূহের চূড়ান্ত মাপ গ্রহন করে শেষ কিস্তিতে টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | গ) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৮,৭৪,২৬১/৭৯ টাকার বিপরীতে গৃহীত ১০টি প্রকল্পের ১৫% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায় বরাদ্দ প্রাপ্ত ২৬,৩৯,৯৩৩/-টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৪টি প্রকল্পের তালিকা জেলা গ্রামীন অবকাঠামো সংস্কার কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন পূর্বক বরাদ্দ পত্র জারী করেছেন। | গ) উপজেলা পরিষদওয়ারী ২য় পর্যায়ে বরাদ্দকৃত টাকার মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য এবং নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত টাকার মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহের প্রকল্প বাস্তবায়ন কমিটি জরুরী ভিত্তিতে দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ঘ) ২০২০-২০২১অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ)-২য় পর্যায় নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে গৃহীত ২৬টি প্রকল্পের ১৫% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। তালিকা এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায় বরাদ্দ প্রাপ্ত ২৪,৭৮,৮৩৩/-টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৮টি ইউনিয়নে গৃহীত ৩২টি প্রকল্পের | ঘ) উপজেলা পরিষদওয়ারী ২য় পর্যায়ে বরাদ্দকৃত টাকার মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য এবং নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত টাকার মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহের প্রকল্প বাস্তবায়ন কমিটি জরুরী ভিত্তিতে দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |



১৭

| | | | |
|---|---|---|---|
| | তালিকা জেলা গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন পূর্বক বরাদ্দ পত্র জারী করেছেন।<br><br>ঙ) ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৬টি ব্রীজ নির্মাণ কাজের জন্য ২,৭৮,৬০,২৩০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। গৃহীত প্রকল্প সমূহের মধ্যে ১২টি প্রকল্পের ১০০% কাজ সম্পন্ন করে চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে। অবশিষ্ট ০৪টি ব্রীজের মধ্যে ০১টি ব্রীজের নির্মাণ কাজ ১০০% এবং অবশিষ্ট ০৩টি প্রকল্পের কাজ গড়ে ৩০% সম্পন্ন হয়েছে। | <br><br><br><br>ঙ) অবশিষ্ট ০৩টি ব্রীজের নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে সম্পন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | <br><br><br><br>১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লাকসাম।<br>৩। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান। |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা ঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **বাকই দক্ষিণ ইউপি সংক্রান্ত আলোচনা :** চেয়ারম্যান, বাকই দক্ষিণ ইউনিয়ন পরিষদ বলেন, আমার ইউনিয়নে সচিব পদায়ন করা হয়েছে এজন্য তিনি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। | বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, বাকই দক্ষিণ ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বাকই দক্ষিণ ইউনিয়ন পরিষদ |
| ৮.২ | **গোবিন্দপুর ইউপি সংক্রান্ত আলোচনা ঃ** চেয়ারম্যান গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ বলেন, বর্তমানে সরকারী বিভিন্ন ভাতাভোগী জনগণ ভাতা পেতে ব্যাংকে সমস্যায় পড়ে এজন্য তিনি ব্যাংকের সেবা যাতে ইউনিয়ন পরিষদ থেকে পাওয়া যায় সেজন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভাতাভোগীর ব্যাপারে সমাজসেবা অফিসার লাকসামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সমাজসেবা অফিসার, লাকসাম |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম:**<br><br>ভাইস চেয়ারম্যান বলেন, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর দ্বারপ্রান্তে আমরা। এই শুভক্ষণের পূর্ব মুহূর্তে আমরা স্বল্পোন্নত থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ হওয়ার সংবাদ আমাদের আনন্দকে আরো বাড়িয়ে তুলেছে। এ উপলক্ষে লাকসাম উপজেলায় যত কর্মসূচি গ্রহণ করা হবে তা আমরা সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধি সকলে মিলে বাস্তবায়ন করবো বলে তিনি জানান। | বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলায় আয়োজিত সকল কর্মসূচি উদযাপনে কর্মকর্তা ও জনপ্রতিনিধি একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। কর্মকর্তা (সকল)<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| ৯.২ | **উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্যঃ** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা বলেন স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে রুপান্তরিত হয়েছে আমাদের বাংলাদেশ। এ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ২০৪১ সালে উন্নত বাংলাদেশ হওয়ার স্বপ্ন বাস্তবায়নের প্রথম ধাপ পার করলো বাংলাদেশ।<br><br>২। তিনি আরো জানান আগামী ২৬ মার্চ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও জাতীয় স্বাধীনতা দিবস আসছে। এছাড়া মার্চ মাসে অনেক গুলো জাতীয় দিবস রয়েছে। সকল জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের একসাথে কাজ করার আহবান জানান।<br><br>৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(গ) মোতাবেক জাতীয় দিবস উদযাপনে ১ লক্ষ টাকা খরচ করার বিধান রয়েছে। সে প্রেক্ষিতে ২১ ফেব্রুয়ারি ২০২১ উদযাপনে ব্যয়িত ২০,০০০টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | <br><br><br><br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও অন্যান্য জাতীয় দিবস উদযাপনে সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধি একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৩। সভায় বিস্তারিত আলোচনান্তে ২১ ফেব্রুয়ারি ২০২১ উদযাপনে ব্যয়িত ২০,০০০/- উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | <br><br><br><br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। কর্মকর্তা (সকল)<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ<br><br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |
| ৯.৩ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ মাসিক সভা বলেন, আমাকে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালক মনোনীত করায় মাননীয় এলজিআরডি মন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানান। তিনি বলেন প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। আমরা বর্তমানে উন্নয়নশীল দেশে প্রবেশ করেছি। দারিদ্র্য কমাতে আমাদের সকলকে একযোগে কাজ করতে হবে। দারিদ্র বিমোচন করতে না পারলে উন্নত বাংলাদেশের স্বপ্ন কখনো পূরণ হবে না। তিনি আরো বলেন স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের জন্য কমিটি গঠন করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনে কমিটির সকলকে সহযোগিতা করার আহ্বান করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনে এবং উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধি একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। কর্মকর্তা (সকল)<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং -০৫.৪২.১৯৭২.০০২.০০.০০২.২০২১- ২৫২ তারিখ : ২৮/০২/২০২১ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। অফিস কপি।

২৮/২/২০২১
( এ,কে,এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।